



www.samakal.com

অসংকোচ প্রকাশের দুরন্ত সাহস

সমকাল

দ্বিতীয় সংস্করণ



বিসিএলে শান্তর সেপ্তগরি
উন্টো চাপে রাজ্জাকরা

৮

এবার দৌড়বিদ হওয়ার
দৌড়ে শ্রীনিবাস

১৪


মূল কাগজের সঙ্গে চার পৃষ্ঠার
ফিচার আয়োজন- সাহস, সমতা
সমৃদ্ধি ও প্রিয় পদলেখা

রোববার | ১৬ ফেব্রুয়ারি ২০২০

৩ ফাল্গুন ১৪২৬ ২১ জামাদিউস সানি ১৪৪১, রেলি. নং ডিএ ৪০৬৪, বর্ষ ১৫ সংখ্যা ৩২২

২০ পৃষ্ঠা ১০ টাকা

f /TheDailySamakal t /samakaltw



প্রযুক্তি প্রতিদিন

projuktiprotidin@gmail.com

কক্সবাজারে ফ্রি ওয়াইফাই জোন চালু

পর্যটন শহর কক্সবাজারে বিনামূল্যে ইন্টারনেট ব্যবহারের সুযোগ দিতে প্রথমবারের মতো চালু করা হয়েছে ফ্রি ওয়াইফাই জোন। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের উদ্যোগে পর্যটন শহরের ৩৫টি স্থানে এ ফ্রি ওয়াইফাই জোন স্থাপন করা হয়েছে। গতকাল শনিবার কক্সবাজার সাংস্কৃতিক কেন্দ্রে আয়োজিত অনুষ্ঠানে



ফ্রি ইন্টারনেট সেবা উদ্বোধন করেন আইসিটি প্রতিমন্ত্রী

এ কার্যক্রম উদ্বোধন করেন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক। অনুষ্ঠানে প্রতিমন্ত্রী বলেন, কক্সবাজারের পর্যটন শিল্পকে সমগ্র বিশ্বের সামনে উপস্থাপনের লক্ষ্যে বিনামূল্যে ইন্টারনেট সেবা প্রদানের এই ব্যবস্থা করা হয়েছে। পর্যটন কেন্দ্র হিসেবে এই সেবার গুরুত্ব ছিল। তিনি বলেন, পর্যটননগরী কক্সবাজারের এই ওয়াইফাই জোন স্থাপনের ফলে স্থানীয়দের পাশাপাশি পর্যটকরা বিনামূল্যে ১০০ এমবিপিএস গতির ইন্টারনেট সেবা পাবেন। প্রতিমন্ত্রী পলক এ সময় শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, গুধু ফেসবুকিং করলে হবে না। ইন্টারনেটের সঠিক ব্যবহারের মাধ্যমে দেশের অর্থনীতিকেও সমৃদ্ধ করতে হবে। কেননা ডিজিটাল বাংলাদেশ গড়বে আমাদের তরুণ সমাজ। তথ্য ও প্রযুক্তির যথাযথ ব্যবহারের মাধ্যমে তরুণ সমাজ দেশকে এগিয়ে নিয়ে যাবে। বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের নির্বাহী পরিচালক পার্থ প্রতিম দেবের সভাপতিত্বে অনুষ্ঠিত

এই অনুষ্ঠানে বক্তব্যে দেন কক্সবাজার সদর-রামু আসনের সংসদ সদস্য সাইমুম সরওয়ার কমল, মহেশ খালী-কুতুবদিয়া আসনের সংসদ সদস্য আশেক উল্লাহ রফিক, চকরিয়া-পেকুয়া আসনের সংসদ সদস্য জাফর আলম, সংরক্ষিত নারী আসন-৮-এর সাংসদ কানিজ ফাতেমা আহমেদ, কক্সবাজার উন্নয়ন

কর্তৃপক্ষের চেয়ারম্যান লে. কর্নেল (অব.) ফোরকান আহমদ, কক্সবাজারের অতিরিক্ত জেলা প্রশাসক আমিন আল পারভেজ, অতিরিক্ত পুলিশ সুপার ইকবাল হোসাইন, কক্সবাজার জেলা আওয়ামী লীগের সভাপতি অ্যাডভোকেট সিরাজুল মোস্তফা প্রমুখ। বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের নির্বাহী পরিচালক পার্থপ্রতিম দেব বলেন, প্রকল্পটি পুরোপুরিভাবে বাস্তবায়নের পর কক্সবাজারের অধিবাসী ও পর্যটক মিলে একসঙ্গে প্রায় ৩৮ হাজার মানুষ কোনো ধরনের খরচ ছাড়াই সরকারি ই-পরিষেবাসহ আনলিমিটেড ইন্টারনেট সুবিধা ভোগ করতে পারবেন। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়ের 'ডিজিটাল সিলেট সিটি' প্রকল্পের আওতায় সিলেট ও কক্সবাজারের বিভিন্ন এলাকায় এই ফ্রি ওয়াইফাই জোন তৈরি করা হচ্ছে। প্রকল্পের ক্লাউড নিয়ন্ত্রিত ওয়াইফাই সমাধান প্রদান করেছে হুয়াওয়ে।

■ কক্সবাজার প্রতিনিধি